NYC Public Schools



# নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর বহুভাষী এবং অভিবাসী পরিবারদের জন্য একটি গাইড







NYC Public Schools | Multilingual Learners

T-38786 (Bangla)





# বিষয়সূচি


বিষয়সূচি ....................................................................................3

এই গাইডটির বিষয়বস্তু কী?....................................................................5

একজন অভিবাসী শিক্ষার্থী হিসেবে আমার সন্তানের কী কী অধিকার আছে? ........................6

আমি কীভাবে এবং কোথায় আমার সন্তানকে স্কুলে এনরোল করতে পারি? ..........................7

আমি স্কুলে কার সাথে কথা বলবো? ...........................................................8

আমি স্কুলে কীভাবে আমার সন্তানের অ্যাডভোকেট (পক্ষাবলম্বন) হতে পারি? .......................9

ইংরেজি ভাষা শিক্ষার্থীদের জন্য প্রোগ্রাম ......................................................10

দ্বিভাষীকতার সুবিধাসমূহ.........................................................................11

যদি আমার স্কুল দ্বিভাষী (বাইলিঙ্গুয়াল) প্রোগ্রাম অফার না করে, সেক্ষেত্রে কী হবে?...............12

আমার সন্তানের বিশেষ চাহিদা এবং/অথবা কোনো প্রতিবন্ধিতা রয়েছে।
আমার কী করা উচিত? .........................................................................12

যদি আমার আরও প্রশ্ন থাকে, তাহলে? ........................................................12

আমার সন্তানের সেকেন্ডারি-পরবর্তী কিছু বিকল্প কী কী? ............................................13

যোগাযোগ.......................................................................................15

QR কোড এবং URL সমূহের পরিশিষ্ট ..........................................................16

NYC Public Schools



## এই গাইডটির বিষয়বস্তু কী?

এই গাইড আপনাকে NYC স্কুল ব্যবস্থা সম্পর্কে জানতে সহায়তা করবে। নথিভুক্তির (এনরোলমেন্ট) প্রক্রিয়া থেকে শুরু করে NYC পাবলিক স্কুলের পিতা-মাতা হিসেবে আপনার অধিকার; আপনার সন্তানের শিক্ষায় সহায়তা করা ও আপনার সন্তানের শিক্ষায় সংশ্লিষ্ট থাকা উভয়ের জন্য স্কুলে লভ্য ভাষার প্রোগ্রাম ও পরিষেবা; আপনার সন্তানের জন্য কিছু মাধ্যমিক-পরবর্তী প্রোগ্রামের বিকল্প; উদ্বেগ থাকলে কোথায় জানাতে হবে; নিউ ইয়র্ক সিটিতে আপনার স্থানান্তর সহজ করার জন্য যেসব তথ্য উপকরণ লভ্য আছে সেসম্পর্কে ধারণা লাভ করার জন্য এই গাইড ব্যবহার করতে পারেন।

প্রিয় পরিবারবর্গ,

**নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর কমিউনিটিতে স্বাগতম!** আমাদের সিটি বিশ্বব্যাপী বিভিন্ন সংস্কৃতি, ভাষা, এবং ঐতিহ্যের অপূর্ব এক সংমিশ্রণ। আমাদের স্কুলগুলিতে, আমরা এই বৈচিত্র্যময়তা উদযাপন করি এবং এমন একটি পরিবেশ সৃষ্টিতে সচেষ্ট থাকি যেখানে প্রতিটি শিক্ষার্থী নিজেকে মূল্যবান মনে করে এবং তার জাতি, ভাষা এবং অভিবাসনগত অবস্থানে সংহত হয়। আমরা বিশ্বাস করি যে, প্রতিটি সংস্কৃতি আমাদের কমিউনিটির বুনটে অনন্য একটি সুতো এবং আমরা সকল শিক্ষার্থীকে একে অপরের ঐতিহ্যকে বরণ ও শেয়ার করতে উৎসাহিত করি।

পিতামাতা এবং অভিভাবক হিসেবে, আপনার সন্তানের শিক্ষায় আপনার ভূমিকা গুরুত্বপূর্ণ। আমরা বাড়িতে আপনার সংস্কৃতি লালন করা বজায় রাখতে এবং তা আপনার সন্তানদের সাথে শেয়ার করতে উৎসাহিত করি। এইসব সাংস্কৃতিক উপাদানসমূহ - তা ভাষা, খাবার, সঙ্গীত, শিল্পকলা, অথবা ঐতিহ্য, যাই হোক না কেন - আপনার সন্তানের শিক্ষণ অভিজ্ঞতাকে দারুণভাবে সমৃদ্ধ করতে এবং তাদের শিকড়ের মর্ম উপলব্ধিতে সহায়তা করতে পারে।

আমাদের স্কুলগুলিতে, আপনার সন্তান বৈচিত্র্যময় প্রেক্ষাপট থেকে আসা সহপাঠীদের সাথে শিক্ষা লাভ করবে, যা থেকে বিশ্বের বৈচিত্র্যময়তা সম্পর্কে একটি মূল্যবান ধারণা অর্জন করবে। এই শিক্ষা যাত্রায় আপনার সাথে আমরা অংশীদারিত্বের প্রত্যাশায় আছি যা শিক্ষার্থীদেরকে একটি সমৃদ্ধ, বৈচিত্র্যময়, অন্তর্ভুক্তিমূলক শেখার অভিজ্ঞতা প্রদান করে উজ্জ্বল ভবিষ্যতের জন্য প্রস্তুত করবে।

## একজন অভিবাসী শিক্ষার্থী হিসেবে আমার সন্তানের কী কী অধিকার আছে?

- নিউ ইয়র্ক সিটিতে, অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন, সকল ছেলেমেয়ের একটি পাবলিক স্কুলে শিক্ষা অর্জনের অধিকার রয়েছে। DOE-এর কর্মীগণ আপনার অভিবাসনগত অবস্থা কিংবা নাগরিকত্বের প্রমাণের আবশ্যকতার বিষয়ে কোনো প্রশ্ন করবেন না, এবং যদি তারা কারো অভিবাসনগত অবস্থা সম্পর্কে জেনেও থাকেন, তারা সেটি গোপন রাখতে বাধ্য।
- স্কুল এবং ডিস্ট্রিক্টগুলোর জন্য শিক্ষার্থী ও তার পারিবারিক তথ্য অন্য কারো কাছে প্রদান করা নিষিদ্ধ, এতে অন্তর্ভুক্ত ইমিগ্রেশন কাস্টমস্ এনফোর্সমেন্ট, তবে এর ব্যতিক্রম হচ্ছে যদি তা আইন দ্বারা আবশ্যক অথবা পিতামাতার সম্মতিক্রমে হয়।
- আপনাকে গুরুত্বপূর্ণ সব তথ্য জানতে সহায়তা করতে, স্কুলগুলো বিভিন্ন ভাষায় বিনামূল্যে অনুবাদ পরিষেবা প্রদান করে। আপনি যেকোনো সময় শিক্ষার্থীদের স্কুলে বিনা খরচে বিভিন্ন ভাষাগত সহায়তা পরিষেবার অনুরোধ করতে পারেন! প্যারেন্ট কোঅর্ডিনেটর অথবা প্রিন্সিপালের কাছে জিজ্ঞাসা করুন, অথবা ট্র্যান্সলেশন অ্যান্ড ইন্টারপ্রিটেশন সার্ভিসেস রিকোয়েস্ট ফর্ম পূরণ করুন।



- যদি আপনি ইংরেজি ভাষা/বহুভাষী শিক্ষার্থীদের (মাল্টিলিঙ্গুয়াল লার্নার) পিতামাতা হিসেবে আপনার অধিকার সম্পর্কে আরও জানতে চান, তবে অনুগ্রহ করে DOE-এর ওয়েবসাইটে "Bill of Rights" (অধিকারের বিল) খোঁজ করুন।



## আমি কীভাবে ও কোথায় আমার সন্তানকে স্কুলে এনরোল করতে পারি?



আপনি কি এখন ভাবছেন: আমি কোথা থেকে শুরু করবো? আমি আমার সন্তানকে কীভাবে NYC পাবলিক স্কুলগুলোতে তালিকাভুক্ত বা এনরোল করতে পারি?

আপনার সন্তানকে এনরোল করার প্রথম ধাপ হলো আপনার নিকটস্থ কোনো ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যাওয়া।

মনে রাখবেন, আপনাকে সেখানে আপনার অভিবাসনগত অবস্থা জানাতে বা আপনার ID দেখাতে হবে না। ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের কর্মীগণ আপনাকে বলে দেবে রেজিস্ট্রেশনের জন্য আপনার কী কী কাগজপত্র লাগবে। অধিকাংশ ক্ষেত্রে, আপনার কাছে নিম্নোক্তগুলো চাওয়া হবে:

- **আপনার সন্তানের বয়সের প্রমাণ,**
- **টিকাদানের (ইমিউনাইজেশন) রেকর্ড** (যদি থাকে),
- সর্বশেষ রিপোর্ট কার্ড (যদি থাকে), এবং
- **ঠিকানার প্রমাণ** হিসেবে যেকোনো দুটি নথি (ডকুমেন্ট)

---

FAMILY WELCOME CENTERS

যদি আপনি অস্থায়ী আবাসনে (টেম্পোরারি রেসিডেন্স) থাকেন, তবে অনুগ্রহ করে আপনার পছন্দের ফ্যামিলি ওয়েলকাম সেন্টার-এ যান। সেখানের কর্মী আপনাকে সহায়তা প্রদানে সক্ষম হবেন।





## আমি স্কুলে কার সাথে কথা বলবো?

একজন নতুন অভিবাসী হিসেবে, স্কুল সিস্টেম বোঝা কঠিন হতে পারে। অনুগ্রহ করে নিশ্চিত থাকুন যে, স্কুলের প্রত্যেকে সহায়তা দেয়ার জন্য আপনার পাশে আছেন।
কয়েক ধরণের ব্যক্তিবর্গ রয়েছেন যাদের সাথে আপনি নিয়মিত কথা বলবেন। তারা হলেন প্রিন্সিপাল অথবা অ্যাসিসট্যান্ট প্রিন্সিপাল, প্যারেন্ট কোঅর্ডিনেটর, এবং স্কুল সেফটি অফিসার।



তাদের প্রত্যেকের স্কুলে ভিন্ন ভিন্ন দায়িত্ব রয়েছে।

একজন **প্রিন্সিপাল/AP** হলেন এমন একজন ব্যক্তি যিনি স্কুল পরিচালনা তত্ত্বাবধান করেন - এতে অন্তর্ভুক্ত কর্মী ব্যবস্থাপনা, শিক্ষায়তনিক মান, এবং শিক্ষার্থী আচরণ। প্রিন্সিপাল স্কুল বিল্ডিংয়ের অধিকাংশ বিষয়ের দায়িত্বে থাকেন।



একজন **শিক্ষক** হলেন এমন একজন ব্যক্তি যিনি ক্লাসরুমে শিক্ষাদান করেন, এলিমেন্টারি স্কুলে তিনি সকল বিষয় পড়ান এবং মিডল্ ও হাই স্কুলে তিনি নির্দিষ্ট কোনো বিষয় পড়ান।



একজন **স্কুল সেফটি অফিসার** (স্কুলের নিরাপত্তা কর্মী) NYPD-এর অধীনে কার্যরত এবং তিনি স্কুলের সুরক্ষা নিশ্চিত করেন, জরুরি পরিস্থিতিতে ব্যবস্থা গ্রহণ করেন, কোনো গুরুতর ঘটনায় স্কুল প্রশাসন এবং স্কুলের নিরাপত্তা বিভাগকে (স্কুল সেফটি ডিভিশনকে) অবহিত করেন, তিনি সুরক্ষা বিষয়ে শিক্ষা দেন, এবং একটি অবাধ-মিথষ্ক্রিয় শিক্ষা পরিবেশ লালন করেন।



একজন **প্যারেন্ট কোঅর্ডিনেটর**, পিতামাতা এবং পরিবারের অন্য সদস্যদেরকে স্কুলের কার্যক্রম বুঝতে এবং সেগুলিতে অংশগ্রহণে সহায়তা করেন, পিতামাতা ও স্কুলের মাঝে বিভিন্ন সমস্যা সমাধান করেন, এবং তাদের সন্তানদের সাফল্য অর্জনে পিতামাতার মতামত যাতে শোনা হয় তা নিশ্চিত করেন।



একজন **স্কুল কাউন্সেলর** শিক্ষার্থীদেরকে তাদের প্রাসঙ্গিক ক্লাস চিনতে এবং সময়সূচির সাথে পরিচিত হতে সহায়তা করেন, প্রত্যেককে আলাদাভাবে কলেজ এবং ক্যারিয়ার পরিকল্পনায় সাহায্য করেন, কলেজ এবং চাকরির আবেদনপত্র পূরণে সহায়তা দেন, এবং গ্র্যাজুয়েশনের জন্য তারা যেন সঠিক পথে থাকে সেবিষয়েও সহায়তা করেন।

## আমি স্কুলে কীভাবে আমার সন্তানের অ্যাডভোকেট (পক্ষাবলম্বন) হতে পারি?

আপনার মতো পিতামাতারাই সন্তানের সর্বশ্রেষ্ঠ প্রতিনিধিত্বকারী! এছাড়াও, একজন অভিবাসী (ইমিগ্র্যান্ট) শিক্ষার্থীর পিতামাতা হিসেবে একটি শক্তিশালী কন্ঠ হয়ে আসন পাবার, ইংরেজি ভাষা শিক্ষার্থীদের এবং সামগ্রিকভাবে অভিবাসী গ্রুপসমূহের চাহিদাসমূহে পক্ষাবলম্বন (অ্যাডভোকেট) করার অনন্য সুযোগও আপনার রয়েছে। স্কুল কমিউনিটিতে সম্পৃক্ত হবার জন্য আপনার কয়েকটি উপায় রয়েছে। আপনার সন্তানের শিক্ষায় অংশগ্রহণ করতে আপনাকে কোনো দলে যোগ দিতে হবে না, কিন্তু যদি আপনি কোনো দলের (বা টিমের) সক্রিয় সদস্য হতে আগ্রহী হন, পিতামাতাদের নেতৃত্বাধীন **স্কুলের তিনটি গ্রুপ** নিচে উল্লেখ করা হলো। সকল মিটিং উন্মুক্ত-মিটিংয়ের আইনের অধীনে, এর অর্থ হচ্ছে, যেকেহই মিটিংয়ে যোগ দিতে পারবে।

| স্কুলের স্তর | ডিস্ট্রিক্ট পর্যায়ে | কেন্দ্রীয় পর্যায়ে |
|---|---|---|
| **PTA**<br>(প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন) হলো একটি স্থানীয় স্কুলের শিক্ষার্থীদের স্বেচ্ছাসেবী পিতামাতাদের নিয়ে গঠিত একটি গ্রুপ যারা স্কুল কমিউনিটির উদ্বেগ এবং সহায়তার পরিমাণ নিয়ে আলোচনার জন্য প্রতি মাসে মিলিত হন। মিটিংগুলোতে যে কেহই যোগ দিতে পারেন, কিন্তু মিটিংয়ের সময় শুধুমাত্র বোর্ড নেতৃত্বদানের জন্য নির্বাচিত। | **প্রেসিডেন্টদের কাউন্সিল**<br>হলো পিতামাতাদের একটি গ্রুপ যারা নির্ধারিত একজন সুপারিনটেনডেন্ট দ্বারা সমর্থিত। প্যারেন্ট অ্যাসোসিয়েশনের অথবা কোনো নির্দিষ্ট ডিস্ট্রিক্টের প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্টগণ ভোটাধিকার প্রাপ্ত সদস্য। | **সিটিওয়াইড কাউন্সিলগুলো**<br>পিতামাতা, শিক্ষার্থী, এবং সরকারি কর্মকর্তাদের (পাবলিক অফিশিয়াল) প্রতিনিধিদের নিয়ে গঠিত। মাসিক মিটিংগুলি পিতামাতাদের নেতৃত্বে পরিচালিত হয় এবং তারা বিভিন্ন উদ্বেগ, শেখার সুযোগ, এবং অফিশিয়াল কর্মকাণ্ড নিয়ে আলোচনা করে। আপনি যদি আপনার মতো অন্যান্য ইংরেজি ভাষা শিক্ষার্থীদের প্রতিনিধিত্ব করতে আগ্রহী হন, তবে অনুগ্রহ করে CCELL-এ অংশগ্রহণের কথা বিবেচনা করুন। |
| **SLT**<br>(স্কুল লিডারশিপ টিম) সমান সংখ্যক পিতামাতা এবং স্কুল কর্মীদের নিয়ে গঠিত যারা স্কুলের বিভিন্ন ড্যাটা, পাঠ্যক্রম, আফটার-স্কুল সুযোগসমূহ এবং কর্মসূচি নিয়ে আলোচনা করতে নিয়মিত মিলিত হন। এই দল বা টিম-এ পিতামাতা এবং কর্মীগণ অবশ্যই ভোটের মাধ্যমে যুক্ত হবেন। | **ডিস্ট্রিক্ট লিডারশিপ কাউন্সিল**<br>হচ্ছে একটি দল বা গ্রুপ যা পিতামাতাসহ বিভিন্ন স্বার্থসংশ্লিষ্টদের নিয়ে গঠিত, যারা ডিস্ট্রিক্টের বিভিন্ন নীতি ও উদ্যোগের উপর মতামত ও পরামর্শ প্রদান করেন। | |
| **প্যারেন্ট টিচার কনফারেন্স**<br>হলো পিতামাতা ও শিক্ষকদের মাঝে একটি মিটিং যেখানে শিক্ষার্থীদের শিক্ষায়তনিক এবং সামাজিক-আবেগজনিত অগ্রগতির বিষয়ে আলোচনা হয়। | **কমিউনিটি এডুকেশন কাউন্সিলগুলো**<br>হচ্ছে শিক্ষা নীতি বিষয়ক উপদেষ্টা পরিষদ যা অন্যান্য দায়-দায়িত্বের পাশাপাশি ডিস্ট্রিক্টের শিক্ষাগত কর্মসূচি পর্যালোচনা ও মূল্যায়ন করেন, জোনের সীমারেখা অনুমোদন করেন, এবং সুনির্দিষ্টি বিষয়সমূহে গণ-শুনানির (পাবলিক হিয়ারিংয়ের) আয়োজন করেন। সদস্যগণ কী করেন সেগুলোর একটি পূর্ণ বিবরণের জন্য 'ভূমিকা এবং দায়িত্বের' (Roles and Responsibilities) পেজটি দেখুন। |  |



NYC Public Schools | Multilingual Learners

NYC Public Schools

# ইংরেজি ভাষা শিক্ষার্থীদের জন্য প্রোগ্রাম

NYC পাবলিক স্কুলগুলি ইংরেজি ভাষা শিক্ষার্থীদের পরিবারদেরকে তিনটি প্রোগ্রাম থেকে বেছে নেয়ার সুযোগ দেয় যা তাদের সন্তানদের ইংরেজি ভাষা শিখতে সহায়তা করে। এই প্রোগ্রামগুলো শিক্ষার্থীদরকে তাদের সামাজিক ও শিক্ষায়তনিক ইংরেজির দক্ষতা গড়ে তোলার পাশাপাশি বাড়িতে ব্যবহৃত ভাষার উন্নতি এবং বিষয়ের জ্ঞান জোরদার করে।

- **নতুন ভাষা হিসেবে ইংরেজি (ইংলিশ অ্যাজ এ নিউ ল্যাঙ্গুয়েজ, ENL):** সকল ELL নতুন ভাষা হিসেবে ইংরেজি (ইংলিশ অ্যাজ এ নিউ ল্যাঙ্গুয়েজ, ENL) গ্রহণ করবে। আপনার সন্তানকে তার বাড়িতে ব্যবহৃত ভাষায় সহায়তাসহ ইংরেজি পড়তে লিখতে, এবং বলতে শেখানো হবে।
- **ডুয়াল ল্যাঙ্গুয়েজ (দ্বৈত ভাষা) বাইলিঙ্গুয়াল এডুকেশন (দ্বিভাষীক শিক্ষা, DLBE):** এই প্রোগ্রামের লক্ষ্য হলো আপনার সন্তান যেন উভয় ভাষায় পড়তে, লিখতে এবং বলতে পারে। আপনার সন্তান যখন আর ইংরেজি ভাষা শিক্ষার্থী (ELL) নয়, তখন সে উভয় ভাষা শেখার ও সেগুলোতে উন্নতি করার জন্য প্রোগ্রামে থাকবে।
- **উত্তরণশীল দ্বিভাষীক শিক্ষা (ট্র্যানজিশন্যাল বাইলিঙ্গুয়াল এডুকেশন, TBE):** এই প্রোগ্রামগুলোতে, আপনার সন্তান ইংরেজিতে উন্নতি সাধন করার পাশাপাশি, ইংরেজি শিক্ষায় আরও বেশি সময় দেবে এবং বাড়ির ভাষায় শিক্ষার সময় কমিয়ে আনবে। যখন আপনার সন্তান আর ইংরেজি ভাষা শিক্ষার্থী থাকবে না, তখন সে প্রোগ্রামটি থেকে বের হয়ে আসবে।


| | দ্বৈত ভাষা (ডুয়াল ল্যাঙ্গুয়েজ) | উত্তরণমূলক দ্বিভাষী (ট্র্যানজিশন্যাল বাইলিঙ্গুয়াল) | নতুন ভাষা হিসেবে ইংরেজি (ইংলিশ অ্যাজ এ নিউ ল্যাঙ্গুয়েজ) |
|---|---|---|---|
| **প্রোগ্রামের লক্ষ্যসমূহ** | দ্বিভাষীতা/দ্বি-সাক্ষরতা **বৃদ্ধি** করতে উভয় ভাষার ব্যবহার | ইংরেজির দক্ষতা অর্জনে সহায়তাদানে **বাড়ির ভাষার** ব্যবহার | ইংরেজি শিক্ষা-নির্দেশনায় সহায়তার জন্য বাড়ির ভাষাকে **মাচা বা স্ক্যাফোল্ড** হিসেবে ব্যবহার |
| বাড়ি ভাষায় শিক্ষা-নির্দেশনা | ✓ | ✓ | ✓ |
| একই বাড়ির ভাষা ব্যবহারকারী সহপাঠীবৃন্দ | ✓ | ✓ | |
| উভয় ভাষায় সমান শিক্ষা-নির্দেশনা | ✓ | | |

## দ্বিভাষীতার সুবিধাসমূহ



গবেষণায় দেখা গেছে যে, একাধিক ভাষা জানা ছেলেমেয়েদের জন্য সত্যিই ভালো। বিভিন্ন ভাষায় কথা বলতে সক্ষম হলে সকল বয়সের মানুষের জন্য সহায়ক। ছেলেমেয়েদের জন্য, এটি তাদেরকে স্কুলে আরও ভালো করতে সহায়তা করতে পারে। যখন তারা বড় হয়, এটি তাদেরকে আরও ভালো চাকরি পেতে সহায়তা করতে পারে। এছাড়া, তাদের বুড়ো বয়সে, এটি তাদের মস্তিস্ককে ক্ষুরধার রাখতে সহায়তা করে এবং এমনকি অ্যালজাইমারস্ নামক একটি মস্তিস্কের রোগও প্রতিরোধ করতে পারে।

দ্বিভাষী প্রোগ্রামগুলোর (ডুয়াল ল্যাঙ্গুয়েজ বাইলিঙ্গুয়াল এডুকেশন) একটি বেছে নেয়ার মাধ্যমে, আপনার সন্তান একটি **সীল অভ বাইলিটারেসি** অর্জনের জন্য আরও বেশি প্রস্তুত। নিউ ইয়র্ক স্টেট সীল অভ বাইলিটারেসি (NYSSB) হচ্ছে একটি পুরস্কার যা ঐসব হাই স্কুল গ্র্যাজুয়েটকে প্রদান করা হয় যারা ইংরেজি এবং কমপক্ষে অন্য একটি ভাষায় দক্ষতা প্রদর্শন করেছে। NYSSB ভাষা শিক্ষায় উৎসাহ প্রদান করে, বৈচিত্র্যময়তাকে সংহত করে, ইউনিভার্সিটিসমূহ এবং চাকুরীদাতাদেরকে একজন শিক্ষার্থীর ভাষা দক্ষতা বিষয়ে অতিরিক্ত তথ্য প্রদান করে। যোগ্য শিক্ষার্থীরা নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট থেকে তাদের ডিপ্লোমা সার্টিফিকেটে একটি অফিশিয়াল সীল, একটি মেডালিয়ন, এবং একটি সার্টিফিকেট পায়। NYSSB-টি দ্বিভাষীকতার গুরুত্বকে স্বীকৃতি দিয়ে, তাদের সাফল্যের উপর আলোকপাত করে, এবং ভবিষ্যত সুযোগসমূহের জন্য তাদের সাফল্যের একটি বিবৃতি দেয়ার মাধ্যমে শিক্ষার্থীদের উপকারে আসে।








## যদি আমার স্কুল দ্বিভাষী (বাইলিঙ্গুয়াল) প্রোগ্রাম অফার না করে, সেক্ষেত্রে কী হবে?



যদি আপনার স্কুল বর্তমানে বাইলিঙ্গুয়াল প্রোগ্রামগুলি অফার না করে, তাহলে আপনার কাছের কোন স্কুলগুলিতে বাইলিঙ্গুয়াল প্রোগ্রাম রয়েছে তা অনুসন্ধান করুন। যদি আপনার পছন্দের প্রোগ্রাম আপনার বর্তমান স্কুলে অফার করা না হয় তাহলে আপনি বদলির অনুরোধ জানাতে পারেন, এবং স্কুল বদলি প্রক্রিয়ায় আপনাকে পথ-নির্দেশনা ও সহায়তা দিতে পারে। এছাড়াও ভিন্ন ভিন্ন ধরনের স্কুল রয়েছে যেগুলো বহুভাষী এবং নতুন অভিবাসী শিক্ষার্থীদের চাহিদা পূরণে কাজ করে, যেমন আন্তর্জাতিক নেটওয়ার্কের মাঝের স্কুলসমূহ।

তবুও অনুগ্রহ করে জেনে রাখবেন যে, সেগুলো যে ধরনের স্কুলই হোক না কেন, আপনি সবসময় একটি দ্বিভাষী প্রোগ্রামে আসনের আবেদন করতে পারেন।

## আমার সন্তানের বিশেষ চাহিদা এবং/অথবা কোনো প্রতিবন্ধিতা রয়েছে। আমার কী করা উচিত?



যদি আপনার সন্তান ইন্ডিভিজ্যুয়ালাইজড্ এডুকেশন প্ল্যান (IEP) সহ ভর্তি হয়, সেক্ষেত্রে 1-32 ডিস্ট্রিক্টের কোনো একটি বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন (BSE) প্রোগ্রামে আসন প্রাপ্তিতে তার অগ্রাধিকার আছে। BSE প্রোগ্রামে আসনের জন্য অনুরোধ করতে আপনি BSEprograms@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করতে পারেন।

## যদি আমার আরও প্রশ্ন থাকে, তাহলে?



কোনো বাইলিঙ্গুয়াল প্রোগ্রামে এনরোল করা অথবা প্যারেন্ট গ্রুপগুলোর কোনো একটিতে অংশগ্রহণ করার বিষয়ে আপনার যদি কোনো উদ্বেগ বা প্রশ্ন থাকে, তবে অনুগ্রহ করে স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর, অ্যাসিসট্যান্ট প্রিন্সিপাল, এবং/অথবা প্রিন্সিপালের সাথে যোগাযোগ করুন। আপনি আপনার ডিস্ট্রিক্টের ফ্যামিল সাপোর্ট কোঅর্ডিনেটর, সুপারিনটেনডেন্ট, এবং ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এমপাওয়ারমেন্ট (FACE) অফিসেও যোগাযোগ করতে পারেন।


## আমার সন্তানের সেকেন্ডারি-পরবর্তী কিছু বিকল্প কী কী?

সেকেন্ডারি-পরবর্তী বিকল্পগুলো হচ্ছে সেসব সুযোগ যেগুলো শিক্ষার্থী হাই স্কুল গ্র্যাজুয়েশনের পর বেছে নেয়, যেমন কলেজ, কাজ, বৃত্তিমূলক কর্মসূচি, এবং সামরিক বাহিনীতে যোগদান। এর মধ্যে আছে দুই এবং চার বছরের কলেজ অথবা ইউনিভার্সিটিতে ভর্তি, বৃত্তিমূলক (ভোকেশনাল) স্কুলে ভর্তি, এবং চাকরিতে যোগদান। অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন, সকল শিক্ষার্থী বিভিন্ন সেকেন্ডারি-পরবর্তী বিকল্প থেকে বেছে নিতে পারে।

নিউ ইয়র্ক স্টেটে, বৈধ কাগজপত্রহীন শিক্ষার্থীরাও দুই এবং চার বছরের ইউনিভার্সিটিগুলিতে পড়ার জন্য স্টেটের ভিতরে পড়ার খরচ এবং স্টেটের আর্থিক সহায়তা লাভ করতে পারে। অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন, বৈধ কাগজপত্রহীন শিক্ষার্থী এবং মিশ্র-অবস্থার (স্ট্যাটাস) পরিবারেরা তাদের সেকেন্ডারি-পরবর্তী সুযোগ লাভের উদ্দেশ্যে নিচে কিছু উল্লেখযোগ্য তথ্য-সংস্থান দেয়া হলো।

## সেকেন্ডারি-পরবর্তী প্রস্তুতির জন্য ফ্রেমওয়ার্ক

| | |
|---|---|
| অনুসন্ধান করুন | এটি আলোচনা এবং কর্মকাণ্ড সহজীকরণ বিষয়ে যা শিক্ষার্থীর জাতিগত, সাংস্কৃতিক, এবং ভাষাগত পরিচিতি আরও গভীরে যাবার, তাদের অধিকার এবং আগ্রহ/অপছন্দ বোঝার সুযোগ করে দেয়। |
| প্রস্তুতি নিন | আজ তারা যেখানে আছে তার সাথে আগামীতে তারা যেখানে যেতে চায় সেই সংযোগ ঘটিয়ে এবং কলেজে ও ক্যারিয়ারের জন্য প্রস্তুতির বিভিন্ন কোর্স ও অভিজ্ঞতা লাভের সুযোগ পাওয়ার জন্য একটি পরিকল্পনা তৈরির মাধ্যমে শিক্ষার্থীদের একটি অর্থবহ এবং সন্তোষজনক হাই স্কুল অভিজ্ঞতার জন্য যা যা প্রয়োজন তা তাদের আছে তা নিশ্চিত করা। |
| আবেদন করা | হচ্ছে কলেজে, কোনো প্রোগ্রামে, কিংবা কোনো চাকরিতে যোগদানে আবশ্যক পদক্ষেপসমূহ গ্রহণ বিষয়ক। এটি একজন শিক্ষার্থীর হাই স্কুল জীবনের সর্বোচ্চ বাজির মতো মনে হতে পারে, কিন্তু পর্যাপ্ত প্রস্তুতি এবং সহায়তাসহ, শিক্ষার্থীরা সেকেন্ডারি-পরবর্তী তাদের পছন্দসমূহের পথে সফলভাবে উত্তরণ করতে পারে। |



NYC Public Schools

# সেকেন্ডারি-পরবর্তী সংস্থান বা রিসোর্সসমূহ

| রিসোর্স (তথ্য-উপকরণ) | শ্রেণীবিভাগ | বিবরণ |
|---|---|---|
| NYS হায়ার এডুকেশন সার্ভিসেস | কলেজের জন্য স্টেটের অভ্যন্তরীণ শিক্ষার্থীদের খরচ (টুইশন) এবং আর্থিক সহায়তা (ফাইনানশিয়াল অ্যাসিস্ট্যান্ট) | অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন, সকল শিক্ষার্থী একটি 2- অথবা 4-বছরের ইউনিভার্সিটিতে পড়তে পারে। নিউ ইয়র্ক স্টেটের ড্রিম অ্যাক্ট (আইন) যেসব বিভিন্ন ধরনের অভিবাসনগত অবস্থা বা স্ট্যাটাসযুক্ত অভিবাসী শিক্ষার্থী NY স্টেটের কোনো একটি হাই স্কুলে কমপক্ষে 2 বছর পড়েছে এবং অন্যান্য শর্ত পূরণ করেছে, তাদেরকে স্টেটের আর্থিক সহায়তা প্রদান করে। |
| সেভ ফর কলেজ | NYC-এর ছোট্ট ছেলেমেয়েদের জন্য একটি স্কলারশিপ ও সঞ্চয়ী কর্মসূচি। আয় অথবা ইমিগ্রেশন স্ট্যাটাস যাই হোক না কেন, এটির খরচ নেই। | কলেজের জন্য সঞ্চয় (সেভ ফর কলেজ) প্রোগ্রাম হলো একটি সর্বজনীন স্কলারশিপ এবং সঞ্চয় কর্মসূচি যা তৈরি করা হয়েছে কলেজ ও ক্যারিয়ার প্রশিক্ষণকে আরও সহজলভ্য করা ও পরিবারের আয় ও ইমিগ্রেশনগত অবস্থা যাই হোক না কেন, NYC-এর সকল পাবলিক স্কুল শিক্ষার্থীদের নাগালের মধ্যে আনার জন্য। |
| ইনফর্মড্ ইমিগ্র্যান্ট | বৈধ কাগজপত্রহীন হাই স্কুল শিক্ষার্থীদের জন্য বিকল্পসমূহ | অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন, NYC পাবলিক স্কুলগুলিতে কাগজপত্রহীন হাই স্কুল শিক্ষার্থীদের হাই স্কুল গ্র্যাজুয়েশনের পর বিভিন্ন বিকল্প রয়েছে। আপনি কলেজ অথবা ইউনিভার্সিটিতে আবেদন করা, বৃত্তিমূলক এবং টেকনিক্যাল স্কুলে ভর্তি হওয়া, অথবা সরাসরি কাজে যোগ দেয়া বেছে নিতে পারেন। |
| কলেজে যাবার যাচাই-তালিকা | কলেজে যাবার যাচাই-তালিকা | কলেজ এবং আরও অনেক পথ-পরিক্রমায় পরামর্শকৃত ধাপগুলি পূর্বানুমান এবং পূরণ করতে নিউ ইয়র্কের কাগজপত্রহীন শিক্ষার্থীদের জন্য একটি যাচাই-তালিকা (চেকলিস্ট) তৈরি করা হয়েছে। শিক্ষার্থীরা বিভিন্ন প্রশ্নের উত্তর দিতে বিভিন্ন তথ্য-সংস্থান এবং লিংক পেতে পারে। |
| অভিবাসীদের জন্য বন্ধুভাবাপন্ন কলেজ শনাক্তকরণ | কলেজ খোঁজা | এক পৃষ্ঠার বিবরণে কোন কলেজগুলো অভিবাসীদের প্রতি বন্ধুভাবাপন্ন তা জানার কিছু উপায় বর্ণনা করে। |
| CUNY-এর অফিস অভ আনডকুমেন্টেড অ্যান্ড ইমিগ্র্যান্ট স্টুডেন্ট প্রোগ্রামস্ | সিটি ইউনিভার্সিটি অভ নিউ ইয়র্ক (CUNY) বৈধ কাগজপত্রহীন ও অভিবাসী শিক্ষার্থীদের সহায়তা করে | CUNY-তে বর্তমানে চারটি ইমিগ্র্যান্ট স্টুডেন্ট সাকসেস সেন্টার রয়েছে। এই সেন্টারগুলোতে নিবেদিত ও জ্ঞান সম্পন্ন স্টাফ রয়েছে যারা অভিবাসী ও বৈধ কাগজপত্রহীন শিক্ষার্থীদের অভিজ্ঞতার বিভিন্ন সূক্ষ্ম তারতম্য বোঝেন। সেন্টার থেকে আর্থিক, আইনি, মানসিক স্বাস্থ্য ও সামাজিক সহায়তা প্রদান করা হয় যাতে সামগ্রিকভাবে ইমিগ্র্যান্ট শিক্ষার্থীর প্রতিনিধিত্ব ও ক্ষমতায়িত করা যায়। অভিবাসনের অবস্থা (ইমিগ্রেশন স্ট্যাটাস) যাই হোক না কেন, সকল শিক্ষার্থীকে যেন ন্যায্য সুযোগ ও তথ্য-সংস্থান প্রদান করা যায় সেজন্যে আমরা CUNY জুড়ে আরও সেন্টার খোলার লক্ষ্যে কাজ করছি। |

## নিউ ইয়র্ক সিটির তথ্য-সংস্থান

নিউ ইয়র্ক সিটি বিভিন্ন ধরনের তথ্য-সংস্থান প্রদান করে যা অভিবাসী পরিবার ও শিক্ষার্থীদের জন্য সহায়ক হতে পারে। এই তথ্য-সংস্থানগুলো আপনাকে শিক্ষাগতভাবে ও সমাজে অন্তর্ভুক্তির পথ-যাত্রায় বিকশিত হতে সামগ্রিক সহায়তা ও বিভিন্ন সুযোগ প্রদান করে। নিচে কিছু তথ্য-সংস্থানের উদাহরণ দেয়া হলো।

| তথ্য-সংস্থানের বিবরণ |
| --- |
| নিউ ইয়র্ক সিটি মেয়রস্ অফিস অভ ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স (MOIA) একটি সিটি এজেন্সি যা অভিবাসীদের সাথে কাজ করে। শুরু করার জন্য এটি একটি চমৎকার সংস্থান। |
| যদি আপনি এবং আপনার পরিবারের কখনো থাকার জন্য কোনো স্থান এবং/অথবা খাওয়ার জন্য খাদ্য প্রয়োজন হয়, তাহলে আপনি সিটিজুড়ে বিভিন্ন আশ্রয় স্থল বা শেল্টার এবং ফুড ব্যাংক (খাদ্য বিতরণ কেন্দ্র) খুঁজে পাবেন। |
| এছাড়াও এখানে অনেক কমিউনিটি-ভিত্তিক সংগঠন (CBO) রয়েছে যেগুলো বিভিন্ন বিষয়ে আপনাকে সহায়তা করতে পারে। উদাহরণস্বরূপ, যদি আপনার সুনির্দিষ্টভাবে আফ্রিকান কমিউনিটির জন্য পরিষেবিত কোনো কিছুর প্রয়োজন হয়, তবে আফ্রিকান কমিউনিটিজ টুগেদার (ACT) সংগঠনটি আপনাকে অভিবাসী আইনি পরিষেবা, ক্ষুদ্র ব্যবসা বিষয়ক সহায়তা, চাকরির জন্য প্রস্তুতি, এবং সাধারণ সামাজিক পরিষেবার রেফারেল দিয়ে সহায়তা করতে পারে। |
| মেডিকেইড (বৈধ কাগজপত্রহীন অভিবাসীগণ শুধু জরুরি স্বাস্থ্য বিষয়ের জন্য আবেদন করতে পারে) এবং চাইল্ড হেলথ্ প্লাস সহ অভিবাসী পরিবারদের জন্য স্বল্প-খরচের স্বাস্থ্য পরিকল্পনা বা হেলথ্ প্ল্যান অফিস অভ সিটিওয়াইড হেলথ্ ইনস্যুরেন্স অ্যাকসেস্ (OCHIA)-এর মাধ্যমে লভ্য আছে। |

## যোগাযোগ

কোনো বাইলিঙ্গুয়াল প্রোগ্রামে এনরোল করা অথবা প্যারেন্ট গ্রুপগুলোর যেকোনো একটিতে অংশগ্রহণ করার বিষয়ে আপনার যদি কোনো উদ্বেগ বা প্রশ্ন থাকে, তবে অনুগ্রহ করে স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর, অ্যাসিসট্যান্ট প্রিন্সিপাল, এবং/অথবা প্রিন্সিপালের সাথে যোগাযোগ করুন। আপনি আপনার ডিস্ট্রিক্টের ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটর এবং সুপারিনটেনডেন্টের সাথেও যোগাযোগ করতে পারেন। অথবা অফিস অভ মাল্টিলিঙ্গুয়াল লার্নার্স-কে multilinguallearners@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

## URL-সমূহের পরিশিষ্ট

| | | | |
|---|---|---|---|
| পৃষ্ঠা 6 | অধিকারের সনদ (বিল অভ রাইটস্) bit.ly/RightsELL | পৃষ্ঠা 6 | ফ্যামিলি ওয়েলকাম সেন্টার http://tinyurl.com/3avjw5cy |
| পৃষ্ঠা 9 | CCELL ccell.org | পৃষ্ঠা 14 | CUNY অফিস অভ আনডকুমেন্টেড অ্যান্ড ইমিগ্র্যান্ট স্টুডেন্ট প্রোগ্রাম bit.ly/cunyundoc |
| পৃষ্ঠা 14 | কলেজের জন্য সঞ্চয় (সেভ ফর কলেজ) bit.ly/saveforcollege | পৃষ্ঠা 14 | অভিবাসীদের জন্য বন্ধুভাবাপন্ন কলেজ শনাক্তকরণ http://tinyurl.com/3djh7f22 |

# URL-সমূহের পরিশিষ্ট

| | | | |
|---|---|---|---|
| পৃষ্ঠা 14 | NYS হায়ার এডুকেশন সার্ভিস<br>http://tinyurl.com/4fbhwasr | পৃষ্ঠা 14 | কলেজে যাবার যাচাই-তালিকা<br>bit.ly/3NSGfHe |
| পৃষ্ঠা 14 | ইনফর্মড্ ইমিগ্র্যান্ট<br>tinyurl.com/mrxca3yp | পৃষ্ঠা 15 | কমিউনিটি ভিত্তিক সংগঠনসমূহ<br>bit.ly/OMLCBOs |
| পৃষ্ঠা 15 | অফিস অভ সিটিওয়াইড হেলথ ইনস্যুরেন্স অ্যাকসেস্<br>on.nyc.gov/46B9it0 | পৃষ্ঠা 15 | NY শেল্টারের তালিকা<br>bit.ly/3JHim5G |
| পৃষ্ঠা 15 | NYC ফুড ব্যাংক<br>bit.ly/3JHim5G | | |

NYC Public Schools | Multilingual Learners